

## ■■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৫২৬ ৩৩/ জিহাদ ও এর নীতিমালা (كتاب الجهاد والسير) পরিচ্ছেদঃ ৪৫. যু-কারদ ও অন্যান্য যুদ্ধ

باب غَزْوَةِ ذِي قَرَدٍ وَغَيْرِهَا

## আরবী

حَدَّتَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيد، حَدَّتَنَا حَاتِمٌ، \_ يَعْنِي ابْنَ إِسْمَاعِيلَ \_ عَنْ يَزِيدَ بْنِ أَبِي، عُبَيْدِ قَالَ سَمِعْتُ سَلَمَةَ بْنَ الْأَكْوَعِ، يَقُولُ خَرَجْتُ قَبْلَ أَنْ يُؤَذَّنَ، بِالْأُولَى وَكَانَتْ لِقَاحُ رَسُولِ اللّهِ عليه وسلم تَرْعَى بِذِي قَرَدٍ \_ قَالَ \_ فَلَقِيَنِي غُلاَمٌ لِعَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفِ فَقَالَ أُخِذَتْ لِقَاحُ رَسُولِ اللّهِ صلى الله عليه وسلم فَقُلْتُ مَنْ أَخَذَهَا قَالَ غَطَفَانُ قَالَ فَقَالَ أُخِذَتُ لِقَاحُ رَسُولِ اللّهِ صلى الله عليه وسلم فَقُلْتُ مَنْ أَخَذَهَا قَالَ غَطَفَانُ قَالَ فَصَرَحْتُ تَلاثَ صَرَحْتُ تَلاثَ صَرَحْات يَا صَبَاحَاهُ . قَالَ فَأَسْمَعْتُ مَا بَيْنَ لاَبَتِي الْمَدينَةِ ثُمَّ انْدَفَعْتُ عَلَى وَجْهِي حَتَّى أَلْرَكْتُ مُرْكُةُ مُ الْذِي قَرَدٍ وَقَدْ أَخَذُوا يَسْقُونَ مِنَ الْمَاءِ فَجَعَلْتُ أَرْمِيهِمْ بِنَبْلِي عَلَى وَجْهِي حَتَّى أَلْدُركُنَّةُ مُ الْأَكُوعِ وَالْيُومَ يَوْمُ الرُّضَعِ فَأَرْتَجِزُ حَتَّى اسْتَنْقَذْتُ اللّهِ اللّهِ عَلَى وَهِمْ وَالنَّقِ مَا اللّهُ عَلَى الله عليه وسلم وَالنَّاسُ مَنْهُمْ وَاسْتَلَبْتُ مِنْهُمْ ثَلَاتِينَ بُرُدَةً \_ قَالَ \_ وَجَاءَ النَّبِيُّ صلى الله عليه وسلم وَالنَّاسُ وَلَيْ اللّهِ إِنِي قَدْ حَمَيْتُ الْفَوْمَ الْمَاءَ وَهُمْ عِطَاشٌ فَابْعَثْ إِلَيْهِمُ السَّاعَةَ فَقَالَ " يَا ابْنَ الْأَكُوعِ مِلَكْتَ فَأَسْجِحْ " . \_ قَالَ \_ وَهُمْ عِطَاشٌ فَابُعَثْ إِلَيْهِمُ السَّاعَةَ فَقَالَ " يَا ابْنَ الأَكُوعِ مَلَكْتَ فَأَسْجِحْ " . \_ قَالَ \_ ثُمَّ رَجَعْنَا وَيُمُونُ فَالُ اللّه عليه وسلم عَلَى نَاقَتِهِ حَتَّى دَخَلْنَا الْمُدِينَةَ .

## বাংলা

৪৫২৬। কুতাহাবা ইবনু সাঈদ (রহঃ) ... সালামা ইবনু আকওয়া (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি ফজরের আযানের আগেই বের হয়ে পড়লাম। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দুধেল উঠনি তখন যু-কারদে (চারণ ভূমিতে) চরছিল। তখন আমার সাথে রহমান ইবনু আওফ (রাঃ) এর গোলামের সাক্ষাৎ হলে সে বলল, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দুধেল উটনী সমুহকে নিয়ে গেছে। আমি বললাম, কে সেগুলো নিয়ে গেছে? সে বলল, গাতফান গোত্রের লোকেরা। রাবী বলেন, তখন আমি উচ্চস্বরে তিনবার হাকঁ দিলাম; আগমন! (ভোররাতে) (সাহায্য চাই, সাহায্য)। রাবী (সালামা ইবনু আকওয়া) বলেন, মদিনার উভয় প্রান্তের মধ্যবর্তী সবাইকে আমি আমার সে হাক শুনালাম তারপর সোজা বেরিয়ে পড়লাম এবং যু-কারদের গিয়ে তাদের



(লুটেরাদের) নাগালে পেলাম।

তখন তারা তাদের পশুদেরকে পানি পান করাচ্ছিলাম। তখন আমি তীর নিক্ষেপ করতে শুরু করলাম। আমি ছিলাম একজন (দক্ষ) তীরন্দাজ। আর তখন আমি বীরত্ব সূচক কবিতা আবৃতি করছিলাম, আমি আকওয়ার পুত্র, আজ ইতরদের ধ্বংসের দিন। (কিংবা আজ তার দিন, যে শৈশব থেকে যুদ্ধের স্তন্য পান করেছে)।

আমি আমার তীর নিক্ষেপ ও বীরত্বরঞ্জক কখিতা আবৃতি করতে থাকলাম। অবশেষে আমি উটনীগুলো মুক্ত করলাম এমনকি আমি তাদের ত্রিশটি (বড়) চাদরও ছিনিয়ে নিলাম। এমন সময় রাসুলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম ও লোকজন এসে পড়লেন। তখন আমি বললাম, "ইয়া রাসুলাল্লাহ! আমি তাদের পানির পথ রুদ্ধ করে রেখেছি, তাই তারা পিপাসার্ত। এবার আপনি একটি বাহিনী প্রেরণ করুন। তখন তিনি (রাসুলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ আকওয়া, যথেষ্ট (বিরত্ব) দেখিয়েছ। এবার দয়স দেখাও। রাবী বলেনঃ তারপর আমরা ফিরে এলাম। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে তাঁরই উঠিনি পিছনে বসিয়ে নিলেন। এভবাএ আমরা মদিনায় পৌছলাম।

## **English**

It has been narrated on the authority of Yazid b. Abu 'Ubaid who said that he heard Salama b. al-Akwa' say:

I went out before the Adhan for the morning prayer had been delivered. The milch she-camels of the Messenger of Allah (ﷺ) were grazing at Dhu Qarad. 'Abd al-Rahman b. Auf's slave met me and said: The milch she-camels of the Messenger of Allah (ﷺ) had been taken away. I said: Who has taken them away? He said: (the people belonging to the tribe of) Ghatafan. I cried thrice: Help! I made the whole city between the two lavas hear my cry. Then I ran straight in their pursuit until I overtook them at Dhu Qarad where they were just going to water their animals. I, being an archer, began to shoot them with my arrows and was saying: I am the son of al-Akwa'. And today is the day when the cowards will meet their doom. I continued to chant until I rescued the milch she-camels from them, and snatched from them thirty mantles. Now, the Messenger of Allah (ﷺ) and some other people came along. I said: Prophet of Allah, I have prevented them from water while they were thirsty. So you should send a force (to punish them). He (the Holy Prophet) said: Ibn al-Akwa', you have taken (what, you have taken). Now let them go. Then we returned and the Messenger of Allah (ﷺ) made me mount behind him on his she-camel until we entered Medina.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সালামাহ ইবনু আক্ওয়া' (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন